শিবপুর একটি প্রাচীন জায়গা। অনেক শিব মন্দির থাকার দরুনই হয়তো জায়গাটির নাম শিবপুর হয়েছে। এই বনেদী জায়গা হাওড়ার শিক্ষা দীক্ষা শিল্প-সংস্কৃতির পুরোভাগে। এর কিছুটা নীচে দিয়েই বয়ে যেত সরস্বতী নদী ভেতরের দিকে। নবাব মুর্শিদকুলি খানের অনুমতি নিয়ে ইংরেজরা শিবপুরে ১৭১৪ সালে একটা বাণিজ্য কুঠি স্থাপন করে। কর্নেল কিড এশিয়ার মধ্যে প্রথম, বহু প্রজাতির গাছপালা লাগিয়ে এখানে এক বিরাট বাগান তৈরি করে। দুশো তিয়াত্তর একর জমি নিয়ে তিনি পৃথিবী বিভিন্ন দেশ থেকে এবং হিমালয়ের থেকে কিছু দুর্লভ গাছ-গাছরা এনে অতি যত্নে এ বাগানে রোপন করেন। ১৭৮৭ সালে এই বাগানটি 'কোম্পানির বাগান 'নামেই খ্যাত ছিল। এখন এর নাম রাখা হয় 'ইন্ডিয়ান বোটানিক্ গার্ডেনস '। অনেক দুর্লভ ও ভেষজ গাছ নিয়ে এখানে মোট বারোশো প্রজাতির গাছ আছে।

i) অনুচ্ছেদটিতে “সরস্বতী”কে কিসের সাথে তুলনা করা হয়েছে?

ক)বিদ্যারদেবী খ) মেয়ের নাম গ) নদীর নাম ঘ)পাহাড়ের নাম

ii)হিমালয় থেকে কি আনা হত? ক)বরফ খ)পাথর গ)গাছ-গাছরা ঘ)জল

iii)বাণিজ্য কুঠি কে স্থাপন করেছিলেন?

ক)নবাব খ) ইংরেজরা গ)কোম্পানি ঘ) সবগুলি

iv)এখানে মোট বারোশো প্রজাতির গাছ বলতে কি কি গাছের কথা বলা হয়েছে?

ক)দুর্লভ ও ভেষজ খ) নিম ও তুলসী গ)চা ও কফি ঘ) কোনোটিই নয়

v)মোট জমির পরিমাণ কত ছিল?

ক)২৭৩একর খ)২৭৪ একর গ) ২৬৩ একর ঘ) ২৭৭একর

vi) মন্তব্য:ইংরেজরা শিবপুর কে বাণিজ্য কুঠি হিসেবে বেছে নেয়।

কারণ: এই জায়গাটি শিল্প সংস্কৃতি শিক্ষা সব দিক থেকে উন্নত ছিল।

ক) মন্তব্য ঠিক ,কারণ ভুল

খ) মন্তব্য ভুল ,কারণ ঠিক

গ) মন্তব্য ও কারণ দুটোই ঠিক

ঘ) গন্তব্য ও কারণ দুটোই ভুল